

## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ



সুখে দুঃখে আপনজন,  
জীবন বীমা কর্পোরেশন।

“সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের বুকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মূল উদ্দেশ্য।”

আজীবন বীমা (লাভসহ) (টেবিল নং-০১)  
Whole Life Assurance (With Profit) (Table-01)

আজীবন বীমা (লাভসহ) (টেবিল নং-০১)  
Whole Life Assurance (With Profit) (Table-01)



- ❖ বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- ❖ সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- ❖ দেনমোহর বীমা
- ❖ হজ্ব বীমা (লাভসহ)
- ❖ প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ দ্বিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- ❖ মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ প্রগতিশীল মেয়াদী বীমা
- ❖ ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- ❖ শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)
- ❖ মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- ❖ দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- ❖ একক প্রিমিয়াম বীমা (লাভসহ)
- ❖ প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- ❖ যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- ❖ জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন: ০২২২৩৩৮৫৭২০

ই-মেইল: tad@jbc.gov.bd

Web: jbc.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

**তালিকা-০১**  
**আজীবন বীমা (লাভসহ)**

**আজীবন বীমা (লাভসহ) (টেবিল নং-০১)**  
**Whole Life Assurance (With Profit) (Table-01)**

**ভূমিকা:**

কর্পোরেশনের আজীবন বীমা কিন্তু সত্যি সত্যি আজীবন বীমা নয়। কারণ বীমাগ্রাহক যদি ৮৫ বছর বয়স পর্যন্ত জীবিত থাকেন তবে তিনি নিজেই বীমাকৃত টাকা পেয়ে যাবেন। এ পরিকল্পনায় প্রিমিয়াম হার সব চাইতে কম এবং বোনাস রেইট সবচাইতে বেশি হওয়ায় সর্বনিম্ন ব্যয়ে সর্বোচ্চ নিরাপত্তার সুবিধা এই বীমায় পাওয়া যায়।

**যাদের জন্য উপযোগী:**

বিভিন্ন পদে কর্মরত ব্যক্তিবর্গ, প্রবাসীগণ, ব্যবসায়ীগণ, অথবা অন্যান্য পেশাজীবী যারা স্বল্প প্রিমিয়াম দিয়ে দীর্ঘ সময়ের জন্য জীবনের ঝুঁকি গ্রহণ করতে ইচ্ছুক, তাদের জন্য এই পরিকল্পনাটি বিশেষভাবে উপযোগী।

**বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:**

- প্রবেশকালীন সর্বনিম্ন বয়স ২০ এবং সর্বোচ্চ ৫৫ বছর।
- সর্বোচ্চ বীমা অংক বীমাগ্রাহকের আর্থিক সামর্থ্য অনুযায়ী।
- ৮০ বছর বয়স পর্যন্ত প্রিমিয়াম জমা প্রদান করতে হবে।
- এই পরিকল্পনায় বীমাকৃত অর্থ কেবল বীমার মেয়াদ অতিক্রান্ত হওয়ার পরেই অর্থাৎ ৮৫ বছর বয়সে মূল বীমা অংক বোনাসসহ পাওয়া যায়।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: যান্মাসিক ও বার্ষিক।
- এই পরিকল্পনায় বীমা অংক ৫,০০০/- টাকার কম হলে প্রিমিয়াম প্রদান পদ্ধতি অবশ্যই বার্ষিক হবে কিন্তু ৫,০০০/-টাকার বেশি কিন্তু ১০,০০০/- টাকার কম হলে যান্মাসিক কিস্তিতে প্রদান করা যাবে।
- প্রিমিয়ামের হার সব চাইতে কম এবং বোনাস রেইট সবচাইতে বেশি।
- এই বীমার সঙ্গে দুর্ঘটনাজনিত মৃত্যু কিংবা দুর্ঘটনাজনিত অজ্ঞাহানি সুবিধা যোগ করা যেতে পারে। বীমাগ্রাহকের ৬০ ও ৫৫ বছর বয়সের সময় যথাক্রমে এই অতিরিক্ত সুবিধাগুলি বাতিল হয়ে যাবে।
- এই বীমায় পারিবারিক নিরাপত্তা সুবিধা যোগ করা যেতে পারে। অবশ্যই তার সর্বোচ্চ মেয়াদ ২০ বছরের বেশী হবে না।
- প্রদত্ত প্রিমিয়াম উপর আয়কর রেয়াত পাওয়া যায়।
- বীমা স্কিমটি ২(দুই) বা ততোধিক বছর সচল থাকার পর বীমাগ্রাহককে ঋণ ও সমর্পণ মূল্য প্রদান করা যাবে।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

নিকটতম জন্মদিনে বয়স	প্রিমিয়াম	নিকটতম জন্মদিনে বয়স	প্রিমিয়াম
২০	২১.৪০	৪১	৩৭.৪০
২১	২১.৯০	৪২	৩৮.৬০
২২	২২.৪০	৪৩	৩৯.৯০
২৩	২২.৯০	৪৪	৪১.৪০
২৪	২৩.৪০	৪৫	৪২.৯০
২৫	২৩.৯০	৪৬	৪৪.৪০
২৬	২৪.৫০	৪৭	৪৬.১০
২৭	২৫.১০	৪৮	৪৭.৮০
২৮	২৫.৭০	৪৯	৪৯.৬০
২৯	২৬.৪০	৫০	৫১.৬০
৩০	২৭.১০	৫১	৫৩.৬০
৩১	২৭.৯০	৫২	৫৫.৮০
৩২	২৮.৭০	৫৩	৫৮.১০
৩৩	২৯.৫০	৫৪	৬০.৫০
৩৪	৩০.৩০	৫৫	৬৩.০০
৩৫	৩১.১০		
৩৬	৩২.০০		
৩৭	৩৩.০০		
৩৮	৩৪.০০		
৩৯	৩৫.১০		
৪০	৩৬.২০		

**উদাহরণ :**

৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ৫,০০,০০০/- টাকার ১টি 'আজীবন পলিসি (লাভসহ)' জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবীর হিসাব নিম্নরূপ:

(৮০-৩৫)=৪৫ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ১৩,৫৫০/- টাকা। ৪৫ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৬,০৯,৭৫০/- টাকা, মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) প্রদেয় ১৮,৯৫,০০০/- টাকা। মেয়াদের পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে অর্জিত বোনাসসহ বীমা অঙ্ক প্রাপ্য হবেন।

**দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি- ১। বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬। কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

